

Ref :

Date :


### গবেষণা প্রবন্ধ আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয়ের আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগের “দি কুরআনিক স্টাডিজ”-এর ভলিউম ৭ এর ১ম ও ২য় সংখ্যা-এ প্রকাশের জন্যে গবেষণা প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে। আগামী ২০/০১/২০২১ তারিখের মধ্যে নিকট (অফিস চলাকালে) জমা দিতে অনুরোধ করা হলো। প্রবন্ধ জমা দেয়ার শর্তাবলী নিম্নরূপ:

#### শর্তাবলী :

১. প্রবন্ধের পৃষ্ঠা: ৬ থেকে ১৫ মধ্যে হতে হবে।
২. ফন্ট:
  - লিখিত প্রবন্ধে বাংলায় SutonnyMJ Font Size 14, ইংরেজিতে Times New Roman (Font Size 12), এবং আরবী Traditional Arabic Font Size 14.
  - লাইন স্পেস ১.৫ ও মার্জিন Justified হিসেবে এবং A4 সাইজ কাগজের এক পৃষ্ঠায় লিখিত হতে হবে।
৩. লিখিত প্রবন্ধের ২ সেট হার্ড কপি ও ১টি সফট কপি প্রবন্ধের সঙ্গে জমা দিতে হবে। সফট কপিতে প্রবন্ধের লাইন স্পেস সিঙ্গেল থাকা বাঞ্ছনীয়।
৪. প্রতি অনুচ্ছেদের শুরুতে ১.৫ ইঞ্চি ছাড় হবে এবং কোটেশন বা উদ্ধৃতির ক্ষেত্রে ১ ইঞ্চি (উভয়পাশে) ছাড় দিতে হবে। কাগজের মাঝে পৃষ্ঠা নম্বর দিতে হবে।
৫. হেডিং এবং টাইটেল: প্রবন্ধের হেডিং এবং টাইটেল ২২ ফন্টে লিখতে হবে। টাইটেলের নিচে কোন আন্ডারলাইন দেয়া যাবে না এবং টাইটলে উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করা যাবে না।
৬. প্রবন্ধের শুরুতে (১০০ থেকে ২০০ শব্দের মধ্যে) সারসংক্ষেপ (Abstract) লিখিত থাকতে হবে। সারসংক্ষেপ ১০ ফন্টে ইটালি বর্ণে কাগজের উভয় পাশে ১ ইঞ্চি বাদ দিয়ে লিখতে হবে।
৭. কোনো সারণী বা উদ্ধৃতি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুচ্ছেদের নিচে সিঙ্গেল স্পেস রাখতে হবে।
৮. তথ্য সংযুক্তি:
  - ক. প্রবন্ধে তথ্য সংযুক্তির ক্ষেত্রে পর্যায়ক্রমে লেখকের নাম, প্রবন্ধের টাইটেল, জার্নাল বা গ্রন্থের নাম (ইটালি সাইজড), প্রকাশনার স্থান ও বছর, ভলিউম নম্বর, খণ্ড নম্বর, মাস এবং পৃষ্ঠা নম্বর সুস্পষ্টভাবে সংযুক্ত করতে হবে।
  - খ. ইন্টারনেট থেকে তথ্য সংযুক্তির ক্ষেত্রে ওয়েবসাইটের ঠিকানা ও সংশ্লিষ্ট তথ্যাদি উল্লেখ করতে হবে এবং সংবাদপত্রের ক্ষেত্রে পর্যায়ক্রমে পত্রিকার নাম, মাস, তারিখ, সন ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।
৯. প্রবন্ধ কোন ক্রমেই এম. ফিল এবং পি.এইচ.ডি থিসিসের অংশ হতে পারবে না। উল্লেখ্য যৌথ প্রবন্ধ দুয়ের অধিক লেখক থাকবেন না। বিভাগীয় এম.ফিল ও পিএইচ.ডি. গবেষকগণ স্ব স্ব নামে প্রবন্ধ জমা দিতে পারবেন। বহিরাগত শিক্ষক/গবেষকগণ সংশ্লিষ্ট বিভাগের শিক্ষকগণের সাথে যৌথভাবে প্রবন্ধ জমা দিতে পারবেন।
১০. প্রবন্ধের সাথে প্রবন্ধকারের যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর দিতে হবে।

ধন্যবাদান্তে



(প্রফেসর ড. এম. এয়াকুব আলী)

সম্পাদক, দি কুরআনিক স্টাডিজ

ভলিউম-৭ (সংখ্যা ১ম ও ২য়)

আল-কুরআন এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, ইবি।